দৈনিক বাংলা

তারিখ 1 0 JUN 1989
পৃষ্ঠা 5 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

92

## অভিভাবকদের প্রতিবাদ

কিছুদিন যাবৎ সাতক্ষীরা জেলার তালা উপজেলার বেশ কিছু প্রাথমিক বিদ্যালয়ে ছাত্ররা গরহাজির। পত্রিকান্তরে খবরে প্রকাশ অভিভাবকেরা ছাত্রদের বিদ্যালয়ে আসতে দিচ্ছে না। কারণ হচ্ছে এই এলাকার এ সকল প্রাথমিক বিদ্যালয়ের কতিপয় শিক্ষককে নাকি বদলি করা হয়েছে। এই বদলি অভিভাবকদের পছন্দ নয়। তাই এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

খবরটি অভিনব নিঃসন্দেহে। ঢাকার দৈনিকটিতে প্রকাশিত খবরে বলা হয়েছে বদলি শিক্ষকের সংখ্যা ৬৩। অভিভাবকদের ভাষায় এ বদলি অবৈধ ও নির্দিষ্ট শিক্ষা কর্মকর্তার খামখেয়ালি। কিন্তু খবরটি কি একেবারে এমনি সাদামাঠা? প্রাথমিক শিক্ষকদের বদলি করা যাবে না একথা ঠিক নয়। প্রাথমিক শিক্ষকেরা হরহামেশাই বদলি হচ্ছে। তবে সকল সরকারী চাকরিরই বদলির বিধি আছে।

এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে একটি ঝামেলা আছে। দীর্ঘদিন পূর্বে প্রাথমিক শিক্ষকদের নিজের উপজেলা থেকে ভিন্ন উপজেলায় বদলির প্রস্তাব হয়েছিল। শেষ পর্যন্ত তা পরিত্যক্ত হয়।

কিন্তু সাতক্ষীরায় তালা উপজেলার খবরটি সে অর্থে ভিন্ন ধরনের মনে হয়েছে। শিক্ষক বদলির জন্য অভিভাবকদের এধরনের পদক্ষেপ অশ্রুতপূর্ব। বদলি শিক্ষকেরা সকলেই এত জনপ্রিয় বা প্রতিটি বিদ্যালয়ের জন্য এ কান্ড প্রয়োজন যে যুক্তি ধোপে তাদের সম্পর্ক ভাল নয়। যার জন্যেই হঠাৎ এমন পাইকারী তাদের সম্পর্ক ভাল নয়। যার জন্যেই হঠাৎ এমন পাইকারীর বদলির নির্দেশ এসেছে। এজন্য পড়াশুনা বন্ধ থাকবে, ছাত্ররা বিদ্যালয়ে গরহাজির হবে এটা ও কাম্য নয়। আশা করব, উপজেলা ও জেলা কর্তৃপক্ষ এ ব্যাপারে জরুরী ব্যবস্থা নেবেন।